16

দৈনিক সংবাদ

তারিখ ... 07 NOV 1994 ..
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

এসএসসি প্রাইভেট পরীক্ষার্থীদের শর্তাবলী শিথিল

# অষ্টম শ্রেণী পাস ও পনের বছর বয়েস হলে পরীক্ষা দেয়া যাবে

( নিজস্ব বার্তা পরিবেশক )

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এক জরুরী বিজ্ঞপ্তিতে জানিয়েছে, কমপক্ষে ৮ম শ্রেণী পাস একজন পরীক্ষার্থীর বয়স পরীক্ষা বর্ষের ১লা মার্চ তারিখে ১৫ বছর পূর্ণ হলে সে এসএসসি প্রাইভেট পরীক্ষা দিতে পারবে।

ইতিপূর্বে প্রচারিত শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য বিবরণীতে উল্লিখিত বোর্ড রেজিস্ট্রেশন থাকার বাধ্যবাধকতা শিথিল করে। বোর্ড কর্তৃক নির্ধারিত বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকের কাছে সাদা কাগজে বিষয় ও শর্তাবলী মোতাবেক আগামী ১০ই নভেম্বর '৯৪-এর মধ্যে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে বলা হয়েছে।

পুলিশ, আনসার, প্রতিরক্ষা বাহিনী (সশস্ত্র বাহিনী, বাংলাদেশ রাইফেলস), অন্ধ ও জেল হতে প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা দিতে হবে না।

এর বাইরে সব পুরুষ ও মহিলা প্রার্থীকে অবশ্যই নির্বাচনী পরীক্ষা দিতে হবে। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হলে চূড়ান্ত পরীক্ষার অনুমতি দেয়া হবে। এবারের নির্বাচনী পরীক্ষার সময় প্রত্যেক প্রাইভেট পরীক্ষা কেন্দ্রে বোর্ডের কর্মকর্তা উপস্থিত থেকে পরীক্ষা পরিচালনার কার্যক্রম পর্যবেক্ষণকরবেন।

নির্বাচনী পরীক্ষার বাংলা (২ পত্র), ইংরেজি (২ পত্র), গণিত ও ভূগোল বিষয়ে ১০০ নম্বরের পরীক্ষা হবে। পরীক্ষার সময়কাল নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্ন মিলে ৩ ঘন্টা।

১৯৯৫ সালের এসএসসি প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু প্রার্থীদেরকে রেজিস্ট্রেশন ও নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নোক্ত বিদ্যালয়সমূহে যোগাযোগ করতে বলা হয়েছে। বিদ্যালয়গুলো হল :

প্রাইভেট : পৃঃ ৬ কঃ ৭

## প্রাইভেট : শর্তাবলী শিথিল

( ১ম পৃষ্ঠার পর )

ঢাকা কলেজিয়েট হাইস্কুল, আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয় (ঢাকা), মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয় (ঢাকা), মতিঝিল সরকারি উচ্চ বালক বিদ্যালয় (ঢাকা), ধানমন্ডি সরকারি উচ্চ বালক বিদ্যালয় (ঢাকা), তেজগাঁ সরকারি উচ্চ বালক বিদ্যালয় (ঢাকা), মীরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয় (ঢাকা), ঢাকা গভঃ মুসলিম হাইস্কুল (বাহাদুর শাহ পার্ক, ঢাকা), জয়দেবপুর রাণী বিলাসমণি সরকারি উচ্চ বিদ্যালয় (গাজীপুর), নারায়ণগঞ্জ সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় (নারায়ণগঞ্জ), ব্রাহ্মন্দী কেকেএম সরকারি উচ্চ বিদ্যালয় (নরসিংদী), মুন্সীগঞ্জ কেকে গভঃ ইনস্টিটিউশন (মুন্সীগঞ্জ), মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয় (মানিকগঞ্জ), বিন্দুবাসিনী সরকারি উচ্চ বালক বিদ্যালয় (টাঙ্গাইল), ফরিদপুর জিলা স্কুল (ফরিদপুর), ইউনাইটেড ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় (মাদারীপুর), রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয় (রাজবাড়ী), পালং তুলাসার গুরুদাস সরকারি উচ্চ বিদ্যালয় (শরীয়তপুর), এসএম মডেল সরকারি উচ্চ বিদ্যালয় (গোপালগঞ্জ), ময়মনসিংহ জিলা স্কুল (ময়মনসিংহ), কিশোরগঞ্জ সরকারি উচ্চ বালক বিদ্যালয় (কিশোরগঞ্জ), নেত্রকোনা আঞ্জুমান আদর্শ সরকারি উচ্চ বিদ্যালয় (নেত্রকোনা), জামালপুর জিলা স্কুল (জামালপুর) এবং শেরপুর সরকারি ভিক্টোরিয়া একাডেমি (শেরপুর)।